# বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

**Bangladesh Open University**

গাজীপুর-১৭০৫। ফোন : ৯২৯১১১২

*"শিক্ষা নিয়ে গড়ব দেশ, শেখ হাসিনার বাংলাদেশ"*

মুজিব শতবর্ষ MUJIB 100

## ইনোভেশন টিমের ৯ম সভার কার্যবিবরণী

সভাপতি ঃ প্রফেসর মোস্তফা আজাদ কামাল

মাননীয় ট্রেজারার ও ডিন, এস ও বি, বাউবি।

সভার তারিখ ঃ ২৩ নভেম্বর, ২০২১

সভার সময় ঃ সকাল ১০:০০ ঘটিকা ।

স্থান ঃ বাউবি'র গাজীপুরস্থ ভাইস-চ্যান্সেলর'স করফারেন্স হল (ভাইস-চ্যান্সেলর দপ্তরের ২য় তলায়)।

উপস্থিতি ঃ পরিশিষ্ট - 'ক'।

Activity Plan Fomat ঃ পরিশিষ্ট - 'খ'।

সভাপতি মহোদয় সভার প্রারম্ভে সকল সদস্যকে স্বাগত জানান এবং সদস্য সচিবকে সভার কার্যক্রম শুরু করার অনুরোধ জানান। সদস্য সচিব আলোচ্যসমূহ সভায় উপস্থাপন করেন এবং প্রতিটি বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নোক্ত ছকে উপস্থাপন করা হলো ঃ

| ক্রমিক নং | আলোচ্যসূচি ও বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১. | ০৪-১০-২০২১ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের ৮ম সভার কার্যবিবরণী অনুসমর্থন প্রসঙ্গে। | ০৪-১০-২০২১ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের ৮ম সভার কার্যবিবরণী ইতোপূর্বে ইনোভেশন টিমের সকল সম্মানিত সদস্যদের নিকট ই-মেইলের মাধ্যমে প্রেরণ করা হয়। ফলে ৮ম সভার কার্যবিবরনী ইনোভেশন টিমের সকল সম্মানিত সদস্য অনুসমর্থন করার বিষয়ে সম্মতি জ্ঞাপন করেন। | ০৪-১০-২০২১ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের ৮ম সভার কার্যবিবরণী অনুসমর্থিত হয়েছে। |
| ২. | System Design Finalization Workshop এর রিপোর্ট অবহিতকরন । | ১৮/১০/২০২১ তারিখে সারাদিন ব্যাপি System Design Finalization Workshop অনুষ্ঠিত হয়। উক্ত Workshop এ যে সকল Innovative Idea ৯টি গ্রুপ থেকে এসেছে সেগুলি দিয়ে প্রতিবেদন তৈরি করে অদ্যকার সভায় উপস্থিত সকল সদস্যদের নিকট ই-মেইলের মাধ্যমে প্রেরণ করা হয়। প্রতিবেদনটি সভাপতি মহোদয় কর্তৃক প্রশংসিত হয়। | ১৮/১০/২০২১ তারিখের প্রতিবেদনটি প্রশংসার সহিত সকলে অবহিত হন। |
| ৩. | Workshop থেকে প্রাপ্ত Idea | Workshop থেকে প্রাপ্ত Idea গুলো এবং নতুন নতুন Idea, Activity Plan এ অন্তর্ভূক্ত করা | System Design এর প্রাথমিক Drawing করার |

| | | | |
|---|---|---|---|
| | গুলো দিয়ে System Design এর প্রাথমিক Drawing করা । | প্রয়োজন। নতুন নতুন কাজ গুলিকে Visible করা এবং কাজগুলির Recognition এর প্রয়োজনে প্রত্যেক স্কুল, বিভাগ এবং আঞ্চলিক কেন্দ্র ভিত্তিক Activity Plan করা প্রয়োজন। Training কাদের প্রয়োজন তা Identify করার ক্ষেত্রেও Activity Plan উল্লেখযোগ্য ভূমিকা রাখবে বলে আলোচনায় উঠে আসে। প্রত্যেক স্কুল, বিভাগ এবং আঞ্চলিক কেন্দ্র থেকে Innovation Proposal সংগ্রহ করার বিষয়ে আলোচনা হয়। Activity Plan সমূহ ও Innovation Idea সমূহকে একত্রিত করে বিশ্ববিদ্যালয়ের জন্য System Design এর প্রাথমিক Drawing সম্পন্ন করা হবে। পরবর্তীতে সংগ্রহকৃত Innovation Proposal এর উপর ভিত্তি করে Innovation প্রকল্পগুলো বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে। ফলে System Design এর প্রাথমিক Drawing করার ক্ষেত্রে Members of APA ও অন্যান্য কমিটির Members সহ বড় আকারে Workshop/ Seminar করার বিষয়ে পরিকল্পনা গ্রহণ করতে পারবে। | ক্ষেত্রে Members of APA ও অন্যান্য কমিটির Members সহ Head Office- এ বড় আকারে Workshop/Seminar করার পরিকল্পনা করার প্রয়োজনে Activity Plan এর ছক প্রত্যেক Member এর কাছে প্রেরণের মাধ্যমে Innovation Proposal সংগ্রহ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>**<u>বাস্তবায়নকারীঃ</u>**<br>প্রত্যেক Member -এর নিকট E-mail এর মাধ্যমে Activity Plan এর ছক প্রেরণ করবেন ইনোভেশন টিমের সদস্য সচিব এম. এস. নার্গিস আখতার। |
| ৪. | বাজেট বক্তব্যকে বিবেচনায় রেখে কর্মপরিকল্পনা সমূহের অগ্রগতি ও চূড়ান্তকরণের সময়সীমা নির্ধারণ করা । | ইনোভেশন টিমের সভাপতি মহোদয় জানান যে, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ২০২০-২০২১ অর্থ বছরে সংশোধিত এবং ২০২১-২০২২ অর্থ বছরের মূল বাজেট-এর বাজেট বই এর বাজেট বক্তৃতার মধ্যে উল্লেখ আছে এবারের বাজেটটি মূলতঃ চারটি মূল ভিত্তির উপর প্রতিষ্ঠিত।<br>সক্ষমতা (Empowerment)<br>শুদ্ধাচার (Integrity)<br>গবেষণা (Research & Innovation)<br>জীবন ব্যাপী শিক্ষা (Lifelong learning)<br>শুদ্ধাচারের ক্ষেত্রে কাজের পরিবেশ উন্নয়ন করার বিষয়ে বিশেষ গুরুত্ব আরোপ করেন। যেহেতু সাধারণ জনগনের অর্থের সর্বোচ্চ উপযোগীতা (Value of Money) নিশ্চিত করার প্রত্যয় ব্যক্ত হয়েছে এই বাজেটে সেহেতু বাজেট বাস্তবায়ন পরিকল্পনায় বাজেট বই-এ উল্লেখিত উদ্দেশ্য সমূহ Activity Plan এ অগ্রাধিকার দেয়ার জন্য অনুরোধ জানান। তিনি আরো বলেন প্রত্যেক স্কুল, বিভাগ এবং আঞ্চলিক কেন্দ্র তাদের নিজ নিজ অফিসের সকলকে নিয়ে Open Talk এর আয়োজন করতে পারে। এতে করে সব Level এর Employee-র নিকট থেকে নতুন নতুন Idea আসতে পারে।<br>বগুড়া আঞ্চলিক কেন্দ্রের আঞ্চলিক পরিচালক ইতোমধ্যে SSC এবং HSC প্রোগ্রামের ক্লাস মনিটরিং সংক্রান্ত একটি ফরম্যাট উদ্ভাবন করেন যা | প্রত্যেক স্কুল/বিভাগ/ আঞ্চলিক কেন্দ্র কর্তৃক প্রেরণকৃত Activity Plan এর Presentation আগামী ০৮ ডিসেম্বর ২০২১ তারিখে সকাল ১০:০০ টায় অনুষ্ঠিত হওয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। |

| | | | |
|---|---|---|---|
| | | বিশ্ববিদ্যালয় কর্তৃক স্বীকৃতি পেয়ে বর্তমানে ব্যবহৃত হচ্ছে বলে তিনি জানান এবং তিনি ইতোমধ্যে তাঁর আঞ্চলিক কেন্দ্রের জন্য বরাদ্দকৃত উদ্ভাবন খাতের বাজেট দিয়ে উদ্ভাবন কাজের প্ল্যান প্রেরণ করেছেন সেটিও তিনি জানান ।<br>রংপুর আঞ্চলিক কেন্দ্রের আঞ্চলিক পরিচালক শিক্ষার্থীদের জন্য Help Desk তৈরীর বিষয়ে আলোচনা করেন। তাছাড়া আঞ্চলিক কেন্দ্রকে আরো সুন্দর করে সাজানোর বিষয়েও আলোচনা হয়। একইরূপ আলোচনা করেন যশোর আঞ্চলিক কেন্দ্রের আঞ্চলিক পরিচালক। এই পরিপ্রেক্ষিতে সভাপতি মহোদয় আঞ্চলিক পরিচালকগণকে তাঁদের Activity Plan Proposal আকারে উপস্থাপন করার জন্য অনুরোধ জানান।<br>ওপেন স্কুলের সহযোগী অধ্যাপক ড. ইকবাল হোসেন এবং স্কুল অব এগ্রিকালচার এ্যান্ড রুরাল ডেভালাপম্যান্ট এর অধ্যাপক ড. মোঃ সিরাজুল ইসলাম জানান Activity Plan দেয়ার বিষয়ে প্রত্যেক স্কুল/বিভাগ/আঞ্চলিক কেন্দ্রে পত্র প্রেরণ করা প্রয়োজন।<br>IQAC-এর পরিচালক অধ্যাপক মোঃ আনোয়ারুল ইসলাম জানান যে, কোন কাজের Stepping কমিয়ে Efficiency বাড়ানো প্রয়োজন। পরবর্তীতে ড. সাদিয়া আফরোজ সুলতানা, অধ্যাপক, ওপেন স্কুল এবং অতিরিক্ত পরিচালক, IQAC জানান, IQAC থেকে বর্তমানে স্কুল নিয়ে একটি Need Base Survey শুরু করছেন। এক্ষেত্রে স্কুল যখন তাদের Activity Plan করে তখন একসাথে যদি Need Base Survey টাও করা যায় তাহলে সবগুলি কাজকে Align করা সহজ হবে। | |
| ৫. | Innovation Plan সংগ্রহ করা। | Activity Plan এর Presentation আগামী ০৮ ডিসেম্বর ২০২১ তারিখে সকাল ১০:০০ টায় অনুষ্ঠিত হওয়ার বিষয়ে যেহেতু সিদ্ধান্ত গৃহীত হয়েছে সেহেতু Presentation এর পূর্বে ইনোভেশন টিমের প্রস্তুতির জন্য Activity Plan গুলো ০৮ তারিখের পূর্বে Upload করার জন্য অনুরোধ করার বিষয়ে আলোচনা হয়। | Activity Plan ০৬ ডিসেম্বর ২০২১ তারিখের মধ্যে প্রত্যেক স্কুল / বিভাগ/আঞ্চলিক কেন্দ্রকে পত্রে উল্লেখিত Address এ Upload করতে বলা হলো। |

৬। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

( প্রফেসর মোস্তফা আজাদ কামাল)
মাননীয় ট্রেজারার ও ডিন, এস ও বি
ও
সভাপতি, ইনোভেশন টিম, বাউবি।

স্মারক নং-বাউবি/অর্থ ও হিসাব/স্যাঃ-২১৬২/ইনোভেশন (এপিএ)/২০২১/৭০০৮(১)    তারিখঃ ১৩ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ / ২৮ নভেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ**

১। ড. মহাঃ শফিকুল আলম, রেজিস্ট্রার, বাউবি।
২। প্রফেসর ডা. সরকার মোঃ নোমান, অধ্যাপক ও ডিন, এসএসটি, বাউবি।
৩। প্রফেসর ড. মোঃ শাহ আলম সরকার, অধ্যাপক, সার্ড, বাউবি।
৪। জনাব মোঃ মাসুম বিল্লাহ, পরিচালক (দায়িত্বপ্রাপ্ত), কম্পিউটার বিভাগ, বাউবি।
৫। নাজনীন আখতার, যুগ্ম পরিচালক (কাউন্সিল), প্রশাসন বিভাগ, বাউবি।

**অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো) ঃ**
১। পরিচালক (দায়িত্বপ্রাপ্ত),কম্পিউটার বিভাগ, বাউবি (ইনোভেশন কর্ণারে আপলোডের অনুরোধসহ)।
২। একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি। উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
৩। একান্ত সচিব, ট্রেজারার দপ্তর, বাউবি। ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য।
৪। সহকারী পরিচালক, রেজিস্ট্রার দপ্তর, বাউবি। রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য।
৫। সংশ্লিষ্ট নথি।

(নার্গিস আখতার)
যুগ্ম পরিচালক (মনিটরিং), অর্থ ও হিসাব বিভাগ
ও
সদস্য-সচিব, ইনোভেশন টিম
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।